হাজেরা তজু ডিগ্রি কলেজে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস ২০২৬ উদযাপন

হাজেরা তজু ডিগ্রি কলেজে সাহিত্য ও সংস্কৃতি কমিটির উদ্যোগে ০৭ নভেম্বর ২০২৬, শনিবার যথাযোগ্য মর্যাদায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে এক আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোহাম্মদ অহিদুল আলম।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী তামিম নিজাম উদ্দিন । শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন একাদশ শ্রেণির শিক্ষার্থী নিগার সুলতানা ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী তামিম নিজাম উদ্দিন । শিক্ষকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রভাষক জনাব গিয়াস উদ্দিন ।

এছাড়াও বক্তব্য রাখেন কলেজের ভারপ্রাপ্ত উপাধ্যক্ষ জনাব রতন কুমার শীল। অনুষ্ঠানে সভাপতির বক্তব্য প্রদান করেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোহাম্মদ অহিদুল আলম।
অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ও পরীক্ষা কমিটির আহবায়ক জনাব নাজিম উদ্দীন।
রচনা প্রতিযোগিতা ১ম স্থান অধিকার করেন - তাসমিম নুর শরীফ , একাদশ শ্রেণি (ব্যবসায় শিক্ষা শাখা)

অনুষ্ঠানের সার্বিক দায়িত্ব পালন করেন সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহবায়ক জনাব হামিদা ইয়াসমিন নুর এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক জনাব তাসমি সুলতানা।
আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতার মধ্য দিয়ে দিবসটির তাৎপর্য তুলে ধরা হয় এবং শিক্ষার্থীদের মধ্যে ইতিহাস, দেশপ্রেম ও জাতীয় চেতনা বিকাশের গুরুত্ব তুলে ধরা হয়।











